



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক নং-ক/অ/ ১২৩/(১)/

তারিখঃ

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

প্রাপক : অধ্যক্ষ,  
এম. এস. জোহা ডিগ্রী কলেজ  
ডাক : হারদী, জেলা : চুয়াডাঙ্গা।

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : আপনার ১৫-০৫-২০১৪ তারিখের আবেদন।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে আপনার কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান বিভাগে স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৭ পর্যন্ত অর্থাৎ ০৩ (তিন) বৎসরের জন্য বৃদ্ধি করা হল। এর প্রেক্ষিতে আপনার কলেজের শিক্ষার্থীগণ ২০১৫ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিম্নলিখিত বিভাগ এর নির্দৃষ্ট বিষয় গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, আপনার কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির বিষয় নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সমন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

১) আবশ্যিক বিষয় সমূহঃ বাংলা, ইংরাজী ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) নৈর্ব্যচনিক বিষয় সমূহঃ

- |    |                       |   |
|----|-----------------------|---|
| ক) | মানবিক বিভাগ          | ঃ অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তি বিদ্যা, ইতিহাস, ভূগোল, সমাজ বিজ্ঞান, সমাজ কর্ম, পরিসংখ্যান, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি ও ইতিহাস। |
| খ) | ব্যবসায় শিক্ষা বিভাগ | ঃ হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা।                               |
| গ) | বিজ্ঞান বিভাগ         | ঃ পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত।  |
| ঘ) | ইসলামী শিক্ষা বিভাগ   | ঃ ইসলাম শিক্ষা, ইসলামের ইতিহাস ও আরবী।  |

### শর্তাবলীঃ

- ১। প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- ২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরো সন্তোষজনক হতে হবে।
- ৩। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- ৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৫। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ৬। কলেজ সীমানা প্রাচীর নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন করতে হবে।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

তারিখঃ ৪/১১/১৪

স্মারক নং-ক/অ/ ১২৩/(১)/ ১৫৫৯/১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অফিস নথি।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮